



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd



৩০ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২১-২২ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : খঃ মাহবুবুল হক
মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

তারিখ ও সময় : ৩০ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ; বিকাল ৩:০০ টা।

স্থান : মৎস্য অধিদপ্তরের সভা কক্ষ (২য় তলা)।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাকাজ শুরু করেন। আলোচ্য বিষয়ে সভাপতি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত হতে হবে বিধায় প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি করে নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে। সে আলোকে মৎস্য অধিদপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২১-২২ সালের ৩য় ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। সভাপতি সভার বিষয়বস্তু ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য মৎস্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক ও জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোহাঃ আতিয়ার রহমান-কে আহ্বান জানান।

২.০ আলোচনা

২.১ সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ধারাবাহিকভাবে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২-এ প্রতি কোয়ার্টারের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০২১-২২ অর্থবছরের ৩য় প্রান্তিকের ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২০২২ খ্রি.) প্রতিবেদন সভায় অনুমোদন করা হয়। এছাড়াও ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর ২০২১ খ্রি.) বাস্তবায়ন প্রতিবেদন নৈতিকতা কমিটির সভাপতি এবং অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদনক্রমে বিগত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়া বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক মৎস্য অধিদপ্তরের সদর দপ্তরের সকল শাখাসহ মাঠ পর্যায়ের অফিসসমূহে ই-নথির ব্যবহার ত্বরান্বিত করার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উপপ্রধান (আইসিটি)-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। ই-নথি বাস্তবায়নের হার বৃদ্ধির লক্ষ্যে অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারিগণের দক্ষতা উন্নয়নের জন্য তাদেরকে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ অন্তর্ভুক্ত [১.৮] শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ কার্যক্রমটি আগামী ১৫/০৬/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন মর্মে সভাপতি সভাকে অবহিত করেন। এ বিষয়ে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট বলেন শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুসারে মৎস্য অধিদপ্তরের সদর দপ্তর কর্তৃক সদর দপ্তর হতে গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত একজন কর্মচারি ও গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত একজন কর্মচারি এবং আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের প্রধানদের মধ্য হতে ০১ জন কর্মচারিকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। ইতোমধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে বাছাই কমিটি গঠন করা হয়েছে এবং পুরস্কার প্রদানের লক্ষ্যে যাচাই-বাছাইয়ের কার্যক্রম চলমান রয়েছে। আশা করা যায় নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রমটি বাস্তবায়ন করা সম্ভব হবে।

২.৩ এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এ অন্তর্ভুক্ত ৩ নং ক্রমিকের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় [৩.৩] গণশুনানী কার্যক্রমটি বিগত ২৪ মার্চ ২০২২ তারিখ বিকাল ৩:০০ টা হতে ৪:৩০ টা পর্যন্ত মৎস্য ভবন, ঢাকায় সরাসরি ও জুম প্রাটফর্মের মাধ্যমে আয়োজন করা হয়। গণশুনানিতে মৎস্য

অধিদপ্তরের সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, মৎস্যচাষি, মৎস্যজীবী এবং অন্যান্য স্টেকহোল্ডারসহ মোট ১৪০ জন সরাসরি ও ভার্চুয়াল মাধ্যমে স্বতস্কৃতভাবে যুক্ত হন।

৩.০ সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ৩.১ মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো ২০২১-২২ অর্থবছরের ৩য় প্রান্তিকের ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২০২২ খ্রি.) প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ এবং অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;
- ৩.২ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ কার্যক্রমটি আগামী ১৫/০৬/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণকরতে হবে; এবং
- ৩.৩ মৎস্য অধিদপ্তরের কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে অফিসের আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন ও জীবানুমুক্ত রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণকরতে হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(খঃ মাহবুবুল হক)

মহাপরিচালক

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি

ফোনঃ ০২-২২৩৩৮২৮৬১

ইমেইল: dg@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১০৬.০৬.০০৩.২১- ১২১/১ (১৫)

তারিখঃ ৬১-৬৬-২০২১ খ্রি.

সদয় অবগতির ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/ মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা/প্রশাসন/মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩. সহকারী পরিচালক (প্রশিক্ষণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. জনাব.....।



(মোহাঃ আতিয়ার রহমান)

অতিরিক্ত মহাপরিচালক

ও

সদস্য সচিব

জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

ফোন: ০২৪৭-১১০৪১০

ই মেইল-atiar_dof@yahoo.com